তারিখ 17 JUL 1990
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ৫ ...

দৈনিক বাংলা

৪৭

৩৫

# কুমিল্লা বোর্ডের পদার্থবিদ্যা ও অর্থনীতির প্রশ্নও ফাঁস

।। স্টাফ রিপোর্টার ।।

চট্টগ্রাম, ১৬ই জুলাই।– কুমিল্লা বোর্ডের উচ্চ মাধ্যমিক পরীক্ষার পদার্থবিদ্যা ও অর্থনীতির পরীক্ষার প্রশ্নপত্র ফাঁস হয়েছে। আজ সন্ধ্যায় চট্টগ্রাম কলেজ ও মহসিন কলেজের

(শেষ পৃঃ ২–এর কঃ দ্রঃ)

## কুমিল্লা বোর্ডের

(প্রথম পৃঃ পর)

সামনে এসব প্রশ্নপত্র ৪ শ' থেকে ৫ শ' টাকা করে বিক্রী হয়েছে।

প্রশ্নপত্র ফাঁসের খবর জানার পর অতিরিক্ত জেলা প্রশাসক ঐ দুই কলেজের সামনে পুলিশ পাঠিয়েছেন বলে জানা গেছে।

উল্লেখ্য, বোর্ডের ইংরেজী প্রথম ও দ্বিতীয় পত্রের প্রশ্নও ফাঁস হয়ে যায়।

মাইজদীকোর্ট থেকে আমাদের নিজস্ব সংবাদদাতা জানান, কুমিল্লা বোর্ডের উচ্চ মাধ্যমিক পরীক্ষার ইংরেজী প্রথম ও দ্বিতীয় পত্রের প্রশ্ন ফাঁস হয়ে যাওয়ার ব্যাপারে প্রাথমিক তদন্তের জন্য বোর্ডের চেয়ারম্যান ও কন্ট্রোলার আজ নোয়াখালী আসেন। নোয়াখালী পুলিশ সুপারের কার্যালয়ে তারা এ ব্যাপারে সাংবাদিকদের সঙ্গে মত বিনিময় করেন।